

Times Today BD

জেলা প্রতিনিধি | দেশজুড়ে | 30 June, 2025

শেরপুর জেলার জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমে বিশেষ অবদানের জন্য ২০২৪-২০২৫ অর্থবছরে জেলার শ্রেষ্ঠ উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) নির্বাচিত হয়েছেন ঝিনাইগাতী উপজেলার ইউএনও মো. আশরাফুল আলম রাসেল।

সোমবার (৩০ জুন) সকালে নিজেই গণমাধ্যমকে বিষয়টি নিশ্চিত করেন ইউএনও রাসেল। এর আগে গতকাল রবিবার (২৯ জুন) বিকেলে জেলা প্রশাসনের আয়োজনে আনুষ্ঠানিকভাবে তার হাতে সম্মাননা ক্রেস্ট ও সনদপত্র তুলে দেন জেলা প্রশাসক তরফদার মাহমুদুর রহমান।

একই অনুষ্ঠানে মালিঝিকান্দা ইউনিয়ন পরিষদের প্রশাসনিক কর্মকর্তা মো. আনোয়ার হোসেনকে জেলার শ্রেষ্ঠ ইউপি প্রশাসনিক কর্মকর্তা এবং ওই ইউনিয়নের ৬ নম্বর ওয়ার্ডের মহল্লাদার মো. আবু সামাকে শ্রেষ্ঠ গ্রাম পুলিশ হিসেবে সম্মাননা প্রদান করা হয়।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোসা. হাফিজা জেসমিন, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) শেখ জাহিদ হাসান প্রিন্স, শ্রীবরদী উপজেলা নির্বাহী কর্মকর্তা শেখ জাবের আহমেদসহ জেলা ও উপজেলা প্রশাসনের ঊর্ধ্বতন কর্মকর্তারা।

জেলা শ্রেষ্ঠ ইউএনও নির্বাচিত হওয়ায় ইউএনও আশরাফুল আলম রাসেলকে অভিনন্দন জানাচ্ছেন ঝিনাইগাতীর বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ।

তিনি বলেন, “আমি এখানে যোগদানের পর থেকেই সকলের সহযোগিতা পেয়েছি। বিশেষ করে জেলা প্রশাসনের ঊর্ধ্বতন কর্মকর্তারা, স্থানীয় জনপ্রতিনিধি, ইউপি সদস্য, সচিব, স্বাস্থ্য ও

পরিবার পরিকল্পনা বিভাগের মাঠপর্যায়ের কর্মীরা, গ্রাম পুলিশ ও উদ্যোক্তারা প্রত্যেকে সহযোগিতা করেছেন। জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমে আমি টিম লিডার হিসেবে কাজ করেছি। এ অর্জন আমার একার নয়, এটি পুরো টিমের সম্মিলিত প্রয়াসের ফসল।”

ইউএনও মো. আশরাফুল আলম রাসেল শেঠ উপজেলা নির্বাহী কর্মকর্তা ঝিনাইগাতী শেরপুর

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 July, 2025 10:56

URL: <https://timestodaybd.com/public/across-the-country/3948775807>